গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পত্নীতলা, নওগাঁ।

## ২০.০০ একর পর্যন্ত জলমহাল ইজারার বিজ্ঞপ্তি

এতদ্বরা নওগাঁ জেলার নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন এবং মৎস্য চাষের উদ্দেশ্যে বেকার যুবক , মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা , বিধবা ও স্বামী পরিত্যক্তা , আনসার-ভিডিপিও গ্রাম পুলিশ সদস্য এবং দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও নিবন্ধিত সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলাধীন,পত্নীতলা উপজেলার ব্যবস্থাপনাধীন পৃথক তালিকায় বর্ণিত ২০.০০ একর পর্যন্ত ইজারাযোগ্য সরকারি জলমহাল সমূহ ভূমি মন্ত্রণালয়ের ১৪ মার্চ/২০১২ খ্রিঃ তারিখের (সায়রাত-০১) শাখার ২২৩ নং প্রজ্ঞাপনের আলোকে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ,২০০৯ এর অনুচ্ছেদ ২৩ এর সংশোধনী ৪ এর (ক) ও (খ) নীতিমালা অনুযায়ী ১৪২৬ সনের ১লা বৈশাখ হতে ১৪২৮ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্ত নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। জলমহাল ইজারা প্রদানের জন্য কোন মৎস্যজীবী সমবায় সমিতি / সংগঠন না পাওয়া গেলে তখন কেবল মাত্র সংশ্লিষ্ট জলমহালের চারপার্শের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বেকার যুবক , মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা , বিধবা ও স্বামী পরিত্যক্তা , আনসার-ভিডিপিও গ্রাম পুলিশ সদস্য এবং দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে মৎস্য চাষের উদ্দেশ্যে গঠিত ও সমবায়/ সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসের নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯(সংশোধিত) মোতাবেক ১৪২৬ সনের ১লা বৈশাখ হতে ১৪২৮ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে শর্ত সাপেক্ষে ইজারা প্রদান করার জন্য বিবেচনা করা হবে।

উপজেলা নির্বাহী অফিসার , পত্নীতলা, নওগাঁ এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার / ব্যাংক ড্রাফট এর বিনিময়ে আবেদন ফরম দরপত্র দাখিলের নিয়মাবলী সম্বলিত সিডিউল ও ফরম নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী (সরকারি ছুটির দিন ব্যতিত) জেলা প্রশাসকের কার্যালয় , নওগাঁ (এস.এ. শাখা) এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, পত্নীতলা, নওগাঁ হতে ক্রয় করা যাবে। দরপত্র সমূহ জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁর রাজস্ব শাখায়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, পত্নীতলা, নওগাঁয় রক্ষিত দরপত্র বাক্সে নিম্নবির্ণিত তারিখ ও সময় অনুযায়ী জমা দেওয়া যাবে এবং ঐ দিন বিকাল ৩.০০ টার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। জলমহাল সমূহ প্রথম পর্যায়ে ইজারা না হলে দ্বিতীয় পর্যায়, দ্বিতীয় পর্যায়ে ইজারা না হলে তৃতীয় পর্যায়ে আবেদন ফরম বিক্রয় ও গ্রহণ করা হবে। উপরে বর্ণিত যে কোন পর্যায়ে তালিকাভুক্তকোন জলমহালের অনুকূলে প্রাপ্ত দর সন্তোষজনক ও উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কতৃক অনুমোদিত হলে পরবর্তী পর্যায়ে সে সকল জলমহালের জন্য আর কোন আবেদন ফরম বিক্রি করা হবে না। এ সংক্রান্ত যাবতীয় তথ্য (১ জেলা প্রশাসকের কার্যালয় , নওগাঁ (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় পত্নীতলা, নওগাঁ (৩) উপজেলা ভূমি অফিস, পত্নীতলা, নওগাঁ ও (৪) পত্নীতলা উপজেলার সকল ইউনিয়ন ভূমি অফিস হতে জানা যাবে।

<u>দরপত্র সিডিউল ক্রয়, দরপত্র দাখিল এবং খোলার তারিখ ও সময়সূচিঃ</u>

| পর্যায় | সিডিউল ক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র দাখিলের সময় | দরপত্র খোলার তারিখ | দরপত্র খোলার সময় | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|---|
| প্রথম | ১৭/০২/১৯ খ্রিঃ হতে ২০/০২/১৯ পর্যন্ত | ২৫/০২/১৯ খ্রিঃ | সকাল ৯.০০ হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ২৫/০২/১৯ খ্রিঃ | বিকাল ৩.০০ টা | ৫০০(পাঁচশত ) টাকা |
| দ্বিতীয় | ০৩/০৩/১৯ খ্রিঃ হতে ০৬/০৩/১৯ পর্যন্ত | ১০/০৩/১৯ খ্রিঃ | সকাল ৯.০০ হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ১০/০৩/১৯ খ্রিঃ | বিকাল ৩.০০ টা | ৫০০(পাঁচশত ) টাকা |
| তৃতীয় | ১৯/০৩/১৯ খ্রিঃ হতে ২৫/০৩/১৯ পর্যন্ত | ২৮/০৩/১৯খ্রিঃ | সকাল ৯.০০ হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ২৮/০৩/১৯ খ্রি | বিকাল ৩.০০ টা | ৫০০(পাঁচশত ) টাকা |

(মোঃ শরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পত্নীতলা, নওগাঁ।

শর্তাবলীঃ

০১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী শুধুমাত্র নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। অনিবন্ধনকৃত কোন সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।

০২। প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যারা সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত , যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই তারা নির্ধারিত ফরমে আবেদনে অংশগ্রহনের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন।

০৩। সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্যকোন সদস্য থাকলে বা কার্য নির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনে যোগ্য হবেনা। আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী কি-না এবং নিবন্ধনকৃত কি-না তা জেলা / উপজেলা মৎস্যকর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৪। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুইটির অধিক জলমহাল ইজারা পাবে না।

০৫। ইজারার মেয়াদ বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ হতে ১৪২৮ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য বলবৎ থাকবে। উপরে বর্ণিত যে কোন পর্যায়ে কোন জলমহালের অনুকূলে প্রপ্ত কোন দর সন্তোসজনক হলে পরবর্তী পর্যায়ে সে জলমহালের জন্য আর কোন সিডিউল বিক্রি করা হবে না। নির্ধারিত তারিখে কোন কারনে যদি সরকারি ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরদিন হতে দরপত্র বিক্রি বা গ্রহনের তারিখ ও সময়সূচি প্রযোজ্য হবে।

০৬। দরপত্রের সাথে উদ্বৃত ০৩(তিন) বছরের মোট মূল্যের ২০% হারে জামানত উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা, নওগাঁর অনুকূলে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে। প্রত্যেক দরদাতাকে দরপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ফটো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট হতে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। জামানতের ২০% অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৭। সর্বোচ্চ দরপত্র গৃহীত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে প্রথম বছরের সমুদয় ইজারা মূল্য ও অন্যান্য সরকারি পাওনা পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং উক্ত জলমহালটি পুনরায় দরপত্রের মাধ্যমে ইজারা দেওয়া হবে।

০৮। ০৩(তিন) বছর মেয়াদী জলমহালের ইজারা মূল্য বাংলা বছর ভিত্তিক পরিশোধ করতে হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। যুক্তি সংগত কারণ ব্যতিত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

০৯। টেন্ডারে গৃহীত ইজারা মূল্য ০৩(তিন) অপরিবর্তিত থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে জলমহালগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে দরপত্র দাখিল করতে হবে।

১০। ইজারা প্রদত্ত জলমহালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করার ০৭(সাত) দিনের মধ্যে দরপত্রদাতাকে নিজ দায়িত্বে ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপি সহ ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদন এবং সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে।

১১। কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র চূড়ান্তভাবে অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২। ইজারাদার কর্তৃক কোন অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক কাহারও নিকট হস্তান্তর বা সাব-লীজ প্রদান করা যাবে না। অনুরূপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। । ঐ ইজারা গ্রহীতা /সমিতি পরবর্তী বছর কোন জলমহালের ইজারা সংক্রান্ত কোন টেন্ডারে অংশগ্রহণ করতে পারবে না।

১৩। কোন ব্যক্তি বা সমিতি জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের (টেন্ডারে অংশগ্রহণকারী সংক্ষুব্ধ সমিতি/ব্যক্তি যদি জামানত ফেরত না নিয়ে থাকেন) ০৭ দিনের মধ্যে জেলা প্রশাসক,নওগাঁ এঁর নিকট আপিল দায়ের করতে পারবেন।

১৪। দরপত্র গৃহীত হলে দরপত্রদাতাকে ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট (০১-১১৩৩-০০২০-০৩১১ নং কোডে ) এবং ৫% আয়কর (০১-১১৪১-০০৬০-০১১১ নং কোডে) চালানের মাধ্যমে জমা দিয়ে কপি দাখিল করতে হবে।

১৫। সায়রাত মহাল ইজারার ক্ষেত্রে সময় সময়ে সরকারি নীতিমালা জারি হলে তা ইজারাদারের জন্য মেনে চলা বাধ্যতামূলক।

১৬। ইজারা প্রদান বিলম্বের দরুণ ইজারা অর্থ আংশিক বা হারাহারি ভাবে প্রদেয় হবে না। অথবা খাসে আদায়কৃত অর্থও ইজারাদারকে প্রদান করা হবে না। দরপত্রের খামে সায়রাত মহালের নাম ও ক্রমিক নং উল্লেখ করতে হবে।

১৭। দরপত্র উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা, নওগাঁ বরাবরে দাখিল করতে হবে।

১৮। মাছ ধরার ক্ষেত্রে বিদ্যামান আইন এবং সময় সময়ে জারিকৃত বিধি-বিধান ইজারাদারের জন্য মেনে চলা বাধ্যতামূলক।

১৯। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫ এর (১) অনুচ্ছেদ অনুযায়ী মৎস্যজীবী সমিতিটি কার্যকর আছে কি-না এবং সমিতির বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট উপজেলা সমবায় অফিসারের নিকট হতে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

২০। ইজারাকৃত জলমহালের ইজারা অর্থ আদায় নিশ্চিত করণের স্বার্থে ১,০০০০০/- (এক লক্ষ) টাকার কম মূল্যের জলমহালের ক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা মূল্যের সমুদয় অর্থ প্রথম কিস্তিতে পরিশোধ করতে হবে। তবে এ বিষয়ে ইজারা গ্রহীতা লিখিত ভাবে আপত্তি জানালে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১। বিধি মোতাবেক যে কোন দরপত্র গ্রহণ /বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ শরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পত্নীতলা, নওগাঁ ।

স্মারক নং- উভূঅ/পত্নী/জলমহাল/২০১৯- ১১৮ তারিখঃ- ০৫/০২/২০১৯

অনুলিপি সদয় আবগতি /অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য-৪৭, নওগাঁ-২।
২। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা ।
৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ।
৫। জেলা প্রশাসক,নওগাঁ ।
৬। পুলিশ সুপার, নওগাঁ ।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), নওগাঁ ।
৮। চেয়ারম্যান উপজেলা পরিষদ, পত্নীতলা, নওগাঁ ।
৯-১৯। উপজেলা নির্বাহী অফিসার ..................................(সকল), জেলা- নওগাঁ
২০। মেয়র, নজিপুর পৌরসভা, নওগাঁ ।
২১-৩১। সহকারী কমিশনার(ভূমি)......................................(সকল), জেলা- নওগাঁ
৩২। জেলা মৎস্য অফিসার, নওগাঁ।
৩৩। জেলা সমবায় অফিসার, নওগাঁ ।
৩৪। জেলা তথ্য অফিসার, নওগাঁ ।
৩৫-৪৫। উপজেলা মৎস্য অফিসার......................................(সকল), জেলা- নওগাঁ
৪৬-৫৬। অফিসার ইনচার্জ...............................................(সকল), জেলা- নওগাঁ
৫৭-৬৭। উপজেলা সমবায় অফিসার....................................(সকল), জেলা- নওগাঁ
৬৮-৭৮। সাব-রেজিষ্ট্রার......................................................(সকল), জেলা- নওগাঁ
৭৯-৮৬। চেয়ারম্যান ..............................................ইউ,পি(সকল), পত্নীতলা, নওগাঁ । তাঁকে বর্ণিত জলমহাল ইজারা বিজ্ঞপ্তি স্ব-স্ব অধিক্ষেত্রাধীন এলাকায় ঢোল সহরত/ মাইকযোগে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৮৭-৯০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..................................ইউনিয়ন ভূমি অফিস, পত্নীতলা, নওগাঁ । তাঁকে বর্ণিত জলমহাল ইজারা বিজ্ঞপ্তি স্ব-স্ব অধিক্ষেত্রাধীন এলাকায় ঢোল সহরত/ মাইকযোগে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।